# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 06 May, 2025

চার মাসের চিকিৎসা শেষে দেশে ফিরেছেন বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া।সঙ্গে ছিলেন তার দুই পুত্রবধূ–ডা. জোবাইদা রহমান ও সৈয়দা শর্মিলা রহমান।মঙ্গলবার (৬ মে) বেলা ১টা ২৫ মিনিটে তিনি ঢাকার গুলশানের নিজ বাসভবন 'ফিরোজা'য় পৌঁছান।

খালেদা জিয়ার আগমন উপলক্ষে ফিরোজায় আয়োজন করা হয়েছে একটি বিশেষ ভোজের।দলীয় সূত্র জানায়, এ আয়োজনে রান্নার দায়িত্ব পালন করছেন প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময়কার বাবুর্চি।বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বলেন, "জিয়াউর রহমান স্যারের সময় থেকে যিনি রান্না করতেন, তিনিই আজ রান্নার দায়িত্বে রয়েছেন।" তবে মেন্যু সম্পর্কে তিনি বিস্তারিত কিছু জানাননি।

খালেদা জিয়ার দেশে ফেরাকে কেন্দ্র করে গুলশান ও বিমানবন্দর এলাকায় বিরাজ করে উৎসবমুখর পরিবেশ।সকাল থেকেই হাজারো দলীয় নেতাকর্মী তাকে স্বাগত জানাতে বিমানবন্দরে জড়ো হন।খালেদা জিয়ার গাড়িবহর বের হওয়ার সময় করতালি, স্লোগানে মুখর হয়ে ওঠে পুরো এলাকা।এরপর নেতাকর্মীরা রাস্তার দুপাশে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে তাকে গুলশানে স্বাগত জানান।বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলের শীর্ষ নেতারাও ফিরোজায় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ৮ জানুয়ারি কাতারের আমিরের দেওয়া বিশেষ এয়ার অ্যাম্বুলেন্সে করে উন্নত চিকিৎসার জন্য লন্ডনে যান খালেদা জিয়া।লন্ডন ক্লিনিকে টানা ১৭ দিন চিকিৎসাধীন থাকার পর তিনি বড় ছেলে তারেক রহমানের বাসায় বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে থেকে চিকিৎসা নেন।

এর আগেও ২০১৭ সালের জুলাইয়ে চোখ ও পায়ের চিকিৎসার জন্য লন্ডনে গিয়েছিলেন খালেদা জিয়া।সে সময় তিনি তিন মাস পর দেশে ফিরেছিলেন।

চিকিৎসা বেগম খালেদা জিয়া প্রধানমন্ত্রী বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 23:25

URL: https://www.timestodaybd.com/public/national/7758072030